

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

২৯ আষাঢ় ১৪৩০

তারিখ: -----

১৩ জুলাই ২০২৩

এফই সার্কুলার পত্র নম্বর ০৬

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services)  
ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৩, তারিখ ফেব্রুয়ারি ০৮, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি  
আকর্ষণ করা যাচ্ছে।

০২। আলোচ্য সার্কুলারের সাথে সংযোজিত ফরম-‘ক’ অনুযায়ী সফটওয়্যার, আইটিইএস (Information  
Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ভর্তুকির আবেদন দাখিল করতে হয়। আবেদন  
ফরমে প্রযোজ্য তথ্যের সাথে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর উল্লেখ করার নির্দেশনা রয়েছে। আমদানি ও রপ্তানি প্রধান  
নিয়ন্ত্রক দপ্তরের ১৭ জানুয়ারি ২০২৩ তারিখের ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৪.২১.৪৬ নম্বর বিজ্ঞপ্তির (কপি সংযুক্ত) সূত্রে  
জানানো যাচ্ছে যে, অদৃশ্যাকারে (Non-Physical Form) সফটওয়্যার ও আইটিইএস রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ভর্তুকির  
আবেদন ফরমে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর উল্লেখ করার বিষয়টি প্রযোজ্য হবে না।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোন : ৯৫৩০১২৩

...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
শাখা-৪  
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা  
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৪.২১.৪৬


তারিখ: ৩ মাঘ ১৪২৯  
১৭ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **Non-Physical Form (Software ও ITES) এর সেবা রপ্তানির ক্ষেত্রে Export Registration Certificate (ERC) এর প্রয়োজনীয়তা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮ নভেম্বর ২০২২ তারিখের ২৬.০০.০০০০.১০১.০৮.০১৯.২০.১২৯ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে যে, Non-Physical Form (Software ও ITES) এর সেবা রপ্তানির ক্ষেত্রে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে Export Registration Certificate (ERC) গ্রহণের প্রয়োজন নেই।

০২। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে এ নির্দেশনা প্রদান করা হলো।



১৭-১-২০২৩

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

ফোন: ০২-৪১০৫০৫৩৬

ফ্যাক্স: 02-9550217

ইমেইল: ac3.ho@ccie.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
- ৩) অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
- ৫) সভাপতি, ই-ক্যাব, হাউজ নং-২৯(এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাকা-১২১৫।
- ৬) সভাপতি, বেসিস (BASIS), ৬ষ্ঠ তলা, বিডিবিএল ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

- ৭) সভাপতি, **BACCO**, হাউজ নং-৩৯ (৩য় তলা), রোড নং-১৩/১৫, ব্লক-ড, বনানী বাজার, ঢাকা-১২১৫।
- ৮) নির্বাহী কর্মকর্তা-২, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
- ৯) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ১০) অফিস কপি।